



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কচুয়া সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, কচুয়া, চাঁদপুর।

www.tsckachua.chandpur.gov.bd



একটাই লক্ষ্য, হতে হবে দক্ষ।

নম্বর- টিএসসি/কচুয়া/নোটিশ/২৪/৪৭৮

তারিখঃ ০৯ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
২৪/১২/২০২৪ খ্রি.

প্রত্যয়ন পত্র

“১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন”- শীর্ষক প্রকল্পের অধীন চাঁদপুর জেলার কচুয়া উপজেলাস্থ কচুয়া সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর বৈদ্যুতিক সাব স্ট্রেশন নির্মাণ কাজের জন্য নির্বাহী প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁদপুর মহোদয়ের স্মারক নং ১৮৮/১১, তারিখ: ০৭/০৬/২০২৩ ইং মূলে মেসার্স কনটেমপোরারীকে কার্যাদেশ প্রদান করা হলেও নিম্ন বর্ণিত কারণে বিভিন্ন সময়ে সাময়িকভাবে কাজটি বন্ধ থাকে।

১। প্রস্তাবিত ভবনের নির্মাণ কাজ পরিচালনার জন্য প্রধান কার্যালয় হতে ড্রইং ইস্যু প্রেরণে বিলম্বের কারণে কাজটি ০৭/০৬/২০২৩ থেকে ৩১/০৭/২০২৩ মোট ৫৫ দিন পর্যন্ত বিলম্ব হয়।

২। প্রতিষ্ঠানটিতে যাতায়াতের একমাত্র রাস্তা ও কালভার্ট ভেঙ্গে যাওয়ায় এলজিডি কর্তৃক পুনঃনির্মাণ/সংস্কার কাজে বিলম্ব হওয়ায় কাজটি ১৫/০৮/২০২৪ থেকে ১৮/০৮/২০২৪ মোট ২৪৭ দিন পর্যন্ত বন্ধ থাকে।

৩। অতি বৃষ্টিতে প্রতিষ্ঠানের মাঠে জলাবদ্ধতা সৃষ্টি হওয়ায় এবং মালামাল সংরক্ষণে অসুবিধার কারণে কাজটি ০৭/০৬/২০২৪ থেকে ০৩/০৭/২০২৪ মোট ২৭ দিন পর্যন্ত করা সম্ভব হয়নি।

যথাযথ কর্তৃপক্ষের সদয় অবগতির জন্য উক্ত প্রত্যয়নপত্র প্রদান করা হলো।

(মোঃ আবুল কালাম আজাদ)

অধ্যক্ষ

কচুয়া সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, কচুয়া, চাঁদপুর।

নম্বর- টিএসসি/কচুয়া/নোটিশ/২৪/ ৪৭৮

তারিখঃ ০৯ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
২৪/১২/২০২৪ খ্রি.

বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২. নির্বাহী প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, চাঁদপুর।
৩. সংরক্ষণ নথি।